4 MAY 2017

সংবাদ

# টেক্সটাইল বিষয়ে গবেষণা ও জ্ঞানচর্চা বাড়াতে হবে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

টেক্সটাইল বিষয়ে গবেষণা ও জ্ঞানচর্চা বাড়ানোর ওপর গুরুত্ব দিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'বিশ্বমানের প্রযুক্তি ও দক্ষতা আয়ত্ব করতে হবে। বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের এক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখতে হবে।'

মন্ত্রী গতকাল রাজধানীর তেজগাঁওয়ে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় (বুটেক্স) অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয়ের 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভবন'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন এবং নবনির্মিত 'সৈয়দ নজরুল ইসলাম হল'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

বুটেক্স-এর ডিন ও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক প্রকৌশলী মাসউদ আহমদ, শিক্ষা প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী দেওয়ান মো. হানজালা এবং ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি জুয়েল রানা বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, 'আমাদের সমস্যা সমাধান করার প্রযুক্তি আমাদেরই আবিষ্কার করতে হবে। আমরা শুধু জ্ঞান-প্রযুক্তি আমদানি করব না, রপ্তানিও করব। গবেষণা ও নতুন জ্ঞান সৃষ্টির মাধ্যমে দেশের উন্নয়নে ভূমিকা রাখতে হবে। বাস্তবে দেশকে এগিয়ে নিয়ে যাবে এমন জ্ঞান সৃষ্টি করতে হবে।' তিনি বলেন, 'এ বিশ্ববিদ্যালয় একটি বাস্তবমুখী শিক্ষা প্রতিষ্ঠান। এখানকার শতভাগ শিক্ষার্থীর কর্মসংস্থান হচ্ছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................
পরিসংখ্যান বিভাগ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর